



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.২৩.০০১.২০-৭২৩০/১২

তারিখ: ২৪ মার্চ ২০২১খি.

বিষয়: ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি সম্পন্নকরণ।

সূত্র: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৪৮.০০.০০০০.০০১.২৩.০০১.২১.১২৩, তারিখ: ২২ মার্চ ২০২১খি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন কমিটির সিদ্ধান্ত মোতাবেক এর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান ও দপ্তরসমূহে নিম্নেবর্ণিত অনুষ্ঠানসমূহ যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য অনুরোধ করা হলো।

ক্র: নং	জাতীয় কর্মসূচি/অনুষ্ঠান
০১	২৬/০৩/২০২১ সূর্যোদয়ের সাথে সাথে সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান/অফিস ভবনে পতাকা বিধি অনুসারে সঠিক মাপ ও রঙের জাতীয় পতাকা উত্তোলন।
০২	স্বাস্থ্যবিধি অনুসরণ করে ২৬ মার্চ ২০২১ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মহান মুক্তিযুদ্ধে শহীদ মুক্তিযোদ্ধাদের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন।
০৩	২৬/০৩/২০২১ গুরুত্বপূর্ণ সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান/অফিস ভবনে আলোকসজ্জা।
০৪	২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে সামঞ্জস্যপূর্ণ পোস্টার, ব্যানার, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে সজ্জিতকরণ।
০৫	“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক নেতৃত্ব এবং সুবর্ণজয়ন্তীতে দেশের উন্নয়ন” বিষয়ে অনলাইনভিত্তিক/ভার্চুয়াল মাধ্যমে আলোচনা।
০৬	স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর সাথে সামঞ্জস্যপূর্ণ সাংস্কৃতিক অনুষ্ঠান, স্মরণিকা প্রকাশ ইত্যাদির মধ্যে যোগুলো সুবিধাজনক সেগুলো প্রতিষ্ঠান নিজ উদ্যোগে অনলাইনে আয়োজন করবে।
০৭	জাতীয় পর্যায়ের রচনা ও বিতর্ক প্রতিযোগিতা আয়োজনের পরবর্তী নির্দেশনা অনুসারে কর্মসূচি বাস্তবায়ন।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র জারি করা হলো।

২৭.০৩.২০২১
প্রফেসর মো: শাহেদুল খবির চৌধুরী
পরিচালক (কলেজ ও প্রশাসন)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

বিতরণ: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়);

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। পরিচালক (মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ০৩। প্রকল্প পরিচালক (সকল), মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ০৪। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল (তঁার অধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে বর্ণিত কর্মসূচি বাস্তবায়নের প্রয়োজনীয় তদারকির অনুরোধসহ);
- ০৫। অধ্যক্ষ (সরকারি/বেসরকারি কলেজ(সকল), (পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ)
- ০৬। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, (সকল) অঞ্চল (তঁার অধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে বর্ণিত কর্মসূচি বাস্তবায়নের প্রয়োজনীয় তদারকির অনুরোধসহ);
- ০৭। জেলা শিক্ষা অফিসার (সকল), (তঁার অধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে বর্ণিত কর্মসূচি বাস্তবায়নের প্রয়োজনীয় তদারকির অনুরোধসহ);
- ০৮। প্রধান শিক্ষক (সকল), (পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ);
- ০৯। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), (তঁার অধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে বর্ণিত কর্মসূচি বাস্তবায়নের প্রয়োজনীয় তদারকি করার অনুরোধসহ);
- ১০। সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি, ঢাকা (মাউশির ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ);
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ১২। সংরক্ষণ নথি।